
যুগান্তর
প্রিন্ট: ১৯ মার্চ ২০২৫, ০২:১২ পিএম

শিক্ষাঙ্গন

# মূল সনদ নেওয়া শিক্ষার্থীরাও পাবেন চবির ৫ম সমাবর্তন

চবি প্রতিনিধি
প্রকাশ: ১৮ মার্চ ২০২৫, ১০:৫৬ পিএম



ফাইল ছবি

আগামী ১৪ মে অনুষ্ঠিত হতে যাচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ৫ম সমাবর্তন। গত ১৩ মার্চ এ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করে কর্তৃপক্ষ। এতে বলা হয়, মূল সনদ উত্তোলনকারীরা সমাবর্তনে নিবন্ধন করতে পারবেন না।

এ বিজ্ঞপ্তির পরই সাবেক-বর্তমান শিক্ষার্থীরা বিষয়টির তীব্র সমালোচনা করেন। সমালোচনার মুখে মূল সনদ উত্তোলনকারীদের নিবন্ধনের সুযোগ দিচ্ছে কর্তৃপক্ষ।

মঙ্গলবার ৫ম সমাবর্তন কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. এনায়েত উল্লাহ পাটওয়ারী বিষয়টি জানিয়েছেন।

গত ১৫ মার্চ ‘সমাবর্তন পাবেন না মূল সনদ নেওয়া শিক্ষার্থী, চবি প্রশাসনের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ’ শিরোনামে দৈনিক যুগান্তরে সংবাদ প্রকাশিত হয়।

গত ১৫ মার্চ থেকে অনলাইনে সমাবর্তনের নিবন্ধন শুরু হয়েছে; যা চলবে ৩০ মার্চ পর্যন্ত। এরপর ১ এপ্রিল থেকে ৭ এপ্রিল পর্যন্ত যারা মূল সনদ উত্তোলন করেছেন তারা আবেদন করতে পারবেন। মূল সনদ উত্তোলনকারীদের নিবন্ধন ফি ২৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে।

পিএইচডি, এমফিল, এমডি, এমএস, এমফিল (চিকিৎসা বিজ্ঞান) ডিগ্রিধারীদের নিবন্ধন ফি ৫ হাজার টাকা এবং অনার্স, মাস্টার্স, এমবিবিএস, বিডিএস, বিপিএডসহ অন্যান্য প্রতিটি ডিগ্রির জন্য ৩ হাজার টাকা নিবন্ধন ফি রাখা হয়েছে। একজন একাধিক ডিগ্রি নিয়ে থাকলে তাকে এএকাধিক নিবন্ধন ও ফি প্রদান করতে হবে।